



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৭০৩

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

### অফিস আদেশ

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন পায়রাবন্দ সরকারি বেগম রোকেয়া স্মৃতি ডিগ্রি মহাবিদ্যালয়ে বেসরকারী আমলে কর্মরত ২৫ (পঁচিশ) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০৮ আগস্ট ২০১৮) হতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষকগণ কলেজে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেছেন। কলেজে অধ্যক্ষের পদ সৃজন প্রক্রিয়াধীন থাকায় হিসাবরক্ষণ অফিসের সাথে বেতন-ভাতা সংক্রান্ত আইবাস কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে এডহক নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে উপাধ্যক্ষ (নন-ক্যাডার) জনাব মোহাম্মদ আবুয়াল বাকের-কে আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে উপাধ্যক্ষ (নন-ক্যাডার) জনাব মোহাম্মদ আবুয়াল বাকের-কে হিসাবরক্ষণ অফিসের সাথে এডহক নিয়োগ প্রাপ্তদের বেতন-ভাতা সংক্রান্ত আইবাস কার্যক্রম সম্পাদন ও আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষের এডহক নিয়োগ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। অধ্যক্ষের অনুমোদনক্রমে প্রযোজ্য বিধি অনুযায়ী তাঁকে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষ ও তিনি দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৩-৪-২০২৩

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৭০৩/১

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন) , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪) জেলা প্রশাসক -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭) অধ্যক্ষ, পায়রাবন্দ সরকারি বেগম রোকেয়া স্মৃতি ডিগ্রি মহাবিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর;
- ৮) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৯) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ১০) জনাব মোহাম্মদ আবুয়াল বাকের, পায়রাবন্দ সরকারি বেগম রোকেয়া স্মৃতি ডিগ্রি মহাবিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর;
- ১১) ব্যাংক ম্যানেজার -----;
- ১২) সংরক্ষণ নথি।



৩-৪-২০২৩

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক